

মন্ত্রিপরিষদ বিভাগের মার্চ ২০১৭ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: মার্চ ২০১৭

প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১৬ এপ্রিল ২০১৭

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: মন্ত্রিপরিষদ বিভাগ	২৪৯	১৯৮	৫১
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: দুর্নীতি দমন কমিশন	১,২৬৪	৯০৫	৩৫৯
মোট	১,৫১৩	১,১০৩	৪১০

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদুর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	০৬	০৫	২৩	১৭	৫১
দুর্নীতি দমন কমিশন	-	-	৪৪	৩৪	১৪৩	০৩	২২৪*

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-
২।	দুর্নীতি দমন কমিশন	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	১১	১১	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	১। ১৭ মার্চ ২০১৭ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮তম জন্মদিবস এবং জাতীয় শিশু দিবস-২০১৭ উদযাপন উপলক্ষে গোপালগঞ্জ জেলার টুঞ্জীপাড়া সফর করেন। ২। ২৬ মার্চ ২০১৭ তারিখে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৭ উপলক্ষে সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।	২৮ ফেব্রুয়ারি ২০১৭ থেকে ০৬ মার্চ ২০১৭ মেয়াদে 'To explore the scope for mutual cooperation in the area of public service training and research' শীর্ষক প্রোগ্রামে অংশগ্রহণের জন্য যুক্তরাজ্য সফর করেন।	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	-
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	-

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ ব্যয়/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তারিখ	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
জাতীয় শূদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্প	৫.৮৬	১.৭৪ (৩০ শতাংশ)	-	-	প্রকল্পের সহযোগী সংস্থা জাইকা অংশের মেয়াদ ৩১ মার্চ ২০১৭ পর্যন্ত। ফলে ডিপিএ অংশের কোন ব্যয় নেই।
Building Capacity for the Use of Research Evidence	সর্বমোট ৮.১৩ ডিপিএ: ৮.০৯ জিওবি: ০.০৪	ব্যয়: ৬.৫৯৪৭ টাকা (৮১.১২ শতাংশ)	-	-	-
Social Security Policy Support (SSPS) Programme	ডিপিএ: ১৯.৭২ জিওবি: ০.৩৩	৯.২০ (৪৫.৯৮ শতাংশ)	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তারিখ	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তারিখ	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তারিখ
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১১টি	০.৩৬৪	-	-	১১টি	২০১৩-১৫ (তিন) অর্থ-বছরের নিরীক্ষাকার্য আগস্ট ২০১৫ মাসে সম্পন্ন হয়। উক্ত নিরীক্ষাকার্যে নিরীক্ষকদল কর্তৃক চারটি অডিট আপত্তি উত্থাপন করা হয়। তন্মধ্যে একটি আপত্তির বিপরীতে ১৩,৩৮৬ টাকা সরকারি রাজস্ব ক্ষতি হিসাবে উল্লেখ করা হয়। অবশিষ্ট তিনটি অডিট আপত্তি আর্থিক অনিয়ম সংক্রান্ত। উক্ত আপত্তি চারটি নিষ্পত্তির লক্ষ্যে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে ৫ অক্টোবর ২০১৫ তারিখে ব্রডশিট জবাব প্রেরণ করা হয়, কিন্তু অদ্যাবধি জবাব পাওয়া যায়নি। এ ছাড়া, বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগে সাতটি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা টাকার চতুর্থ সহকারী জজ আদালতে বিচারাধীন আছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকলীয় দ্বীপাঞ্চল দুর্নীতি দমন কমিশন	১৬টি	২৮১.৬৬	-	-	১৬টি	ত্রিপর্যায় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
মোট	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
	৩১টি	৯৮৩.৫১৪	০৪	১	৩১টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০১	-	-	-	-	০১	-
দুর্নীতি দমন কমিশন-১৩	-	১	-	১	১১	১৩

* প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন-১ শাখায় স্থানান্তর করা হয়েছে।

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয় /সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	Government Performance Management in the Socialist Republic of Vietnam স্থান: ভিয়েতনাম	২৬-২৯ মার্চ ২০১৭	মন্ত্রিপরিষদ বিভাগ	নয়জন একজন অতিরিক্ত সচিব তিন জন উপসচিব পাঁচ জন সিনিয়র সহকারী সচিব
	২।	Professional Development Program স্থান: যুক্তরাষ্ট্র	০৩-২১ মার্চ ২০১৭	জনপ্রশাসন মন্ত্রণালয়	তিনজন অতিরিক্ত সচিব
	৩।	Tobacco Control Progress Review Workshop স্থান: নেপাল	০৯-১০ মার্চ ২০১৭	স্বাস্থ্য সেবা বিভাগ	একজন উপসচিব
	৪।	Study Tour about the Scope for Mutual Cooperation in the Area of Public Service Training and Research স্থান: যুক্তরাজ্য	২৮ ফেব্রুয়ারি ২০১৭ থেকে ০৬ মার্চ ২০১৭	জনপ্রশাসন মন্ত্রণালয়	একজন মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব
	৫।	Innovative Leadership for Organization Growth and Excellence স্থান: ভারত	৩০ জানুয়ারি ২০১৭ থেকে ২৪ মার্চ ২০১৭	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	একজন ব্যক্তিগত কর্মকর্তা
দুর্নীতি দমন কমিশন	১।	ভূমি অধিগ্রহণে দুর্নীতি সংক্রান্ত প্রশিক্ষণ	০৫-০৭ মার্চ ২০১৭	বিয়াম ফাউন্ডেশন	৪৮ জন
	২।	ভূমি অধিগ্রহণে দুর্নীতি সংক্রান্ত প্রশিক্ষণ	১২-১৪ মার্চ ২০১৭	বিয়াম ফাউন্ডেশন	৪৮ জন
	৩।	Financial and Economic Appraisal of Project	১২-১৬ মার্চ ২০১৭	জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী	একজন
	৪।	ভূমি অধিগ্রহণে দুর্নীতি সংক্রান্ত প্রশিক্ষণ	১৯-২১ মার্চ ২০১৭	বিয়াম ফাউন্ডেশন	৫০ জন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: ষোলজন।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট:

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভার তিনটি, সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি, সচিব-সভা একটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়।

(২) মন্ত্রিসভা-বৈঠকে ২৮টি সিদ্ধান্ত গৃহীত হয় এবং এর মধ্যে ১৩টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। অবশিষ্ট ১৫টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) ৩০ মার্চ ২০১৭ তারিখে বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ৩৪টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(৪) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত ফেব্রুয়ারি দ্বিতীয় ও মার্চ প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়। পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে উপস্থাপিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫) বিদেশি মান্যবর রাষ্ট্রদূত/হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিবগণের যোগদানের অনুমতি সংক্রান্ত তিনটি পত্র জারি করা হয়।

(৬) ২৩ মার্চ ২০১৭ তারিখে আয়োজিত অনুষ্ঠানে ১৫জন সুধী ও একটি প্রতিষ্ঠানকে স্বাধীনতা পুরস্কার ২০১৭ প্রদান করা হয়। এটি বাংলাদেশের সর্বোচ্চ জাতীয় পুরস্কার। স্বাধীনতা পুরস্কারপ্রাপ্ত প্রত্যেককে আঠারো ক্যারেট মানের পঞ্চাশ গ্রাম স্বর্ণের একটি পদক, তিন লক্ষ টাকা ও একটি সম্মাননাপত্র প্রদান করা হয়। এ ছাড়া প্রত্যেক জীবিত সুধীকে ০.৩৬ গ্রাম স্বর্ণ দ্বারা ইলেকট্রোপ্লেটেডকৃত একটি রেপ্লিকা প্রদান করা হয়। স্বর্ণপদক, রেপ্লিকা প্রস্তুত ও উক্ত অনুষ্ঠান সম্পর্কিত অন্যান্য কার্যাবলি সম্পাদন করা হয়।

(৭) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অন্যতম গুরুত্বপূর্ণ কার্যক্রম হিসাবে 'স্বাধীনতা পুরস্কার-২০১৭' প্রদান অনুষ্ঠান কার্যক্রম সম্পন্ন করা হয়।

(৮) মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৬-১৭ অর্থ-বছরের বাজেট বরাদ্দের ৩-০৪০১-০০০১-৪৮০০ কোড রেঞ্জের আওতায় '৪৮৪১-আইসিটি/ই-গভর্ন্যান্স' খাতে বরাদ্দকৃত অর্থ থেকে '৪৮২৯-গবেষণা/ উদ্ভাবনী ব্যয়' খাতে ২,৫০,০০০.০০ টাকা পুনঃউপযোজন করে ১৯ মার্চ ২০১৭ তারিখে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হয়।

(৯) নাটোরস্থ উত্তরা গণভবন সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৬-১৭ অর্থ-বছরের বাজেটের '৪৮৯৯-অন্যান্য ব্যয়' উপখাতে বরাদ্দকৃত অর্থ থেকে তৃতীয় ও চতুর্থ কোয়ার্টারের ব্যয় নির্বাহের জন্য যথাক্রমে ১,১০,০০০.০০ এবং ৫,২০,০০০.০০ টাকার সরকারি মঞ্জুরি জ্ঞাপন করে ১৪ মার্চ ২০১৭ তারিখে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ, সেগুনবাগিচা বরাবর প্রেরণ করা হয়।

(১০) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে পুনর্গঠন করে 'স্বাস্থ্য সেবা বিভাগ' এবং 'স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ' বিভাগ নামে দুটি বিভাগ গঠন এবং গঠিত বিভাগ দুটির কার্যতালিকা নির্ধারণ করে ১৬ মার্চ ২০১৭ তারিখে এস.আর.ও জারি এবং বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়।

(১১) জাতীয় সংসদের দিনাজপুর-৩ আসনের মাননীয় সংসদ-সদস্য ও হইপ জনাব ইকবালুর রহিম তাঁর নির্বাচনী এলাকায় হিজড়া লিঙ্গের মানুষদের আবাসনের জন্য 'মানবপল্লী' গড়ে তোলা, বৃদ্ধাশ্রম নির্মাণ ও অন্যান্য সামাজিক কর্মকাণ্ডে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য ওয়ার্ল্ড লিডারশিপ ফেডারেশন (ডব্লিউএলএফ) কর্তৃক সোশ্যাল ইনোভেটর ক্যাটাগরিতে 'ডব্লিউএলএফ অ্যাওয়ার্ড-

২০১৭'-তে ভূষিত হয়েছেন। 'ডব্লিউএলএফ অ্যাওয়ার্ড-২০১৭' অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করায় মাননীয় সংসদ-সদস্য ও হইপ জনাব ইকবালুর রহিমকে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ২৭ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ০২ মার্চ ২০১৭ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১২) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব কাজী আখতার উদ্দিন আহমেদ দীর্ঘ প্রায় ৩৩ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ২৮ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে অবসর গ্রহণ করেন। দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য কাজী আখতার উদ্দিন আহমেদকে ধন্যবাদ জানিয়ে, সরকারি চাকরি থেকে অবসর গ্রহণের পরও তিনি দেশের সেবায় নিয়োজিত থাকবেন মর্মে আশা প্রকাশ করে এবং তাঁর ও তাঁর পরিবারের সকলের দীর্ঘায়ু, সুস্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করে মন্ত্রিসভার ২৭ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের বৈঠকে একটি ধন্যবাদ প্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ০২ মার্চ ২০১৭ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১৩) জনাব মাহবুব আহমেদ অর্থ বিভাগের সিনিয়র সচিব হিসাবে দায়িত্ব পালনশেষে বাংলাদেশ সরকারের মনোনয়নে চলতি বছরের মার্চ মাসের শুরুতে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের বিকল্প নির্বাহী পরিচালক হিসাবে দায়িত্ব গ্রহণ করবেন। সরকারি কর্মকর্তা হিসাবে দীর্ঘকাল দেশের সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখায় জনাব মাহবুব আহমেদ-কে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানিয়ে, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের বিকল্প নির্বাহী পরিচালক হিসাবে দায়িত্ব পালনের ক্ষেত্রে তাঁর সর্বাঙ্গীণ সাফল্য কামনা করে এবং তাঁর ও তাঁর পরিবারের সকলের দীর্ঘায়ু, সুস্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করে মন্ত্রিসভার ০২ মার্চ ২০১৭ তারিখের বৈঠকে একটি ধন্যবাদ প্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ০২ মার্চ ২০১৭ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১৪) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'Indian Ocean Rim Association (IORA) Leaders' Summit'-এ অংশগ্রহণের লক্ষ্যে ০৬ মার্চ ২০১৭ তারিখ সোমবার ০৮৪০ ঘটিকায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের BG-1086 ভিভিআইপি ফ্লাইটযোগে সরকারি সফরে জাকার্তা, ইন্দোনেশিয়ার উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(১৫) ব্রাজিলে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত ও সাবেক পররাষ্ট্রসচিব জনাব মোহাম্মদ মিজারুল কায়েস ১১ মার্চ ২০১৭ তারিখে ব্রাজিলের ব্রাসিলিয়ায় ইন্তেকাল করেন (ইন্মালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)। জনাব মোহাম্মদ মিজারুল কায়েসের মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও মরহমের রুহের মাগফিরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ১৩ মার্চ ২০১৭ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১৬ মার্চ ২০১৭ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১৬) বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল শ্রীলংকায় অনুষ্ঠিত দ্বিতীয় আন্তর্জাতিক টেস্ট ক্রিকেটে শ্রীলংকা জাতীয় ক্রিকেট দলকে পরাজিত করে সিরিজে সমতা (১-১) লাভ করেছে। ম্যান অব দ্য ম্যাচ হয়েছেন তামিম ইকবাল এবং ম্যান অব দ্য সিরিজ হয়েছেন সাকিব আল হাসান। ম্যাচ ও সিরিজ-সেরার দু'টি অর্জনই পেয়েছে বাংলাদেশ। বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের এ সাফল্যে সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে এবং নিরলস অনুশীলনের মাধ্যমে আগামীতেও ভাল ফলাফল অর্জন করে জাতির গৌরব বৃদ্ধিতে সকলে সম্মিলিতভাবে অবদান রাখবেন মর্মে দৃঢ় প্রত্যাশা ব্যক্ত করে মন্ত্রিসভার ২০ মার্চ ২০১৭ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ২২ মার্চ ২০১৭ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১৭) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যামামলার প্রধান আইনজীবী অ্যাডভোকেট মো. সিরাজুল হকের কনিষ্ঠ পুত্র এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী জনাব আনিসুল হকের ছোট ভাই জনাব আরিফুল হক রনি ১১ মার্চ ২০১৭ তারিখে যুক্তরাষ্ট্রের ডালাস শহরের সাউথ ওয়েস্টার্ন ইউনিভার্সিটি হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্মালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)। জনাব আরিফুল হক রনি'র অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও মরহমের রুহের মাগফিরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ১৩ মার্চ ২০১৭ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১৬ মার্চ ২০১৭ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১৮) কক্সবাজার-চট্টগ্রাম মহাসড়কে হারবাং এলাকায় যাত্রীবাহী মাইক্রোবাস ও পিক-আপ ভ্যানের দুর্ঘটনায় জান-মালের ক্ষয়-ক্ষতি সংক্রান্ত বিষয়ে ০২ মার্চ ২০১৭ তারিখে সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৯) গোপালগঞ্জ জেলার স্পর্শকাতর, চাঞ্চল্যকর ঘটনার বিষয়ে সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় পত্র প্রেরণ করা হয়।

- (২০) ই-মোবাইল কোর্ট সিস্টেম ব্যবহার এবং ১০০ শতাংশ তথ্য আপলোড করা সংক্রান্ত বিষয়ে জেলা ম্যাজিস্ট্রেট, বরগুনা, ঝালকাঠি, চাঁদপুর, মাদারীপুর, মানিকগঞ্জ, টাঙ্গাইল, যশোর, ঝিনাইদহ, নড়াইল, পাবনা, দিনাজপুর, গাইবান্ধা, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, রংপুর, ঠাকুরগাঁও, সিলেট, জামালপুর, নেত্রকোণা ও শেরপুরকে ধন্যবাদ জ্ঞাপন করে পত্র প্রেরণ করা হয়।
- (২১) নরসিংদী জেলায় বোবা মেয়েকে গণধর্ষণ সংক্রান্ত ঘটনার বিষয়ে ০৭ মার্চ ২০১৭ তারিখে সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২২) সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলাসহ সমগ্র এলাকায় টিলা/পাহাড় কর্তন প্রতিরোধে মোবাইল কোর্ট পরিচালনাসহ জেলা প্রশাসনের নজরদারি ও তৎপরতা বৃদ্ধি করার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অনুরোধের পরিপ্রেক্ষিতে এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০৯ মার্চ ২০১৭ তারিখে জেলা প্রশাসক, সিলেট বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২৩) নওগাঁ জেলার স্পর্শকাতর, চাঞ্চল্যকর ঘটনার বিষয়ে সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২৪) ফেনীর জেলার ফুলগাজী উপজেলায় মাদক বিরোধী মোবাইল কোর্ট পরিচালনাকালে অনাকাঙ্ক্ষিত ঘটনা সংক্রান্ত বিষয়ে ১৩ মার্চ ২০১৭ তারিখে বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২৫) মাননীয় সংসদ-সদস্য, মৌলভীবাজার-২ আসন-এর ডিও পত্রের পরিপ্রেক্ষিতে জনৈক আব্দুল আজিজ খানের জমি ও বাড়ি অবৈধ দখলের বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য ১২ মার্চ ২০১৭ তারিখে সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২৬) মহামান্য হাইকোর্ট বিভাগের ১৫ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের ০৫/২০১৭ নম্বর সুয়ো-মটো রুলের জবাব প্রদান সংক্রান্ত বিষয়ে ১৩ মার্চ ২০১৭ তারিখে জেলা প্রশাসক, গাইবান্ধা বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২৭) ফেব্রুয়ারি ২০১৭ মাসের বিভাগীয় কমিশনার সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮-এর আওতায় দায়েরকৃত মামলা নিষ্পত্তি সংক্রান্ত বিষয়ে জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম, ফরিদপুর, বাগেরহাট ও দিনাজপুর বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২৮) দিনাজপুর জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার বিষয়ে ১৬ মার্চ ২০১৭ তারিখে সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২৯) চট্টগ্রাম জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর/গুরুতর ঘটনার বিষয়ে ১৯ মার্চ ২০১৭ তারিখে সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৩০) আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১৫তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২২ মার্চ ২০১৭ তারিখে সকল বিভাগীয় কমিশনার ও সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৩১) ফেব্রুয়ারি ২০১৭ মাসের পরিসংখ্যান অনুযায়ী অনূর্ধ্ব ১৬ বছর বয়সী কারাগারে আটক শিশু-কিশোরদের মুক্তিদানের জন্য ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত বিষয়ে জেলা ম্যাজিস্ট্রেট, রংপুর, বাগেরহাট, সিরাজগঞ্জ ও চট্টগ্রাম বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৩২) দিনাজপুর জেলার সর্বোচ্চ সংখ্যক মামলা নিষ্পত্তি সংক্রান্ত বিষয়ে ধন্যবাদ জ্ঞাপন করে জেলা প্রশাসক, দিনাজপুর বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৩৩) গ্রাম আদালতসমূহে মামলা নিষ্পত্তি সংক্রান্ত বিষয়ে জেলা প্রশাসক, ঢাকা, নারায়ণগঞ্জ, রাজবাড়ী, চট্টগ্রাম, কক্সবাজার, রাজশাহী, জামালপুর, শেরপুর, হবিগঞ্জ, ঠাকুরগাঁও, বাগেরহাট ও বরিশাল বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৩৪) ই-মোবাইল কোর্ট সিস্টেম ব্যবহার এবং তথ্য আপলোড করা সংক্রান্ত বিষয়ে জেলা ম্যাজিস্ট্রেট, বরগুনা, ঝালকাঠি, চাঁদপুর, কক্সবাজার, কিশোরগঞ্জ, মাদারীপুর, মানিকগঞ্জ, নরসিংদী, টাঙ্গাইল, যশোর, ঝিনাইদহ, কুষ্টিয়া, পাবনা, রাজশাহী, সিরাজগঞ্জ, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, রংপুর, ঠাকুরগাঁও, জামালপুর ও নেত্রকোণা বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৩৫) ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সময় পাকিস্তান দখলদার সেনাবাহিনী এবং তাদের সহযোগী বাহিনী কর্তৃক যুদ্ধাপরাধ, গণহত্যা, হত্যা, ধর্ষণ, ধর্মান্তরিতকরণ, লুণ্ঠন, অগ্নিসংযোগ ও অন্যান্য মানবতাবিরোধী অপরাধের তদন্ত কাজে সহায়তার জন্য আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চাহিদা অনুযায়ী তথ্য প্রেরণের বিষয়ে জেলা প্রশাসক, চাঁদপুর, চট্টগ্রাম, বান্দরবান, নওগাঁ, যশোর, কুষ্টিয়া, ঝালকাঠি, পিরোজপুর, বরিশাল, ভোলা, সিলেট, হবিগঞ্জ, গাজীপুর, শেরপুর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, জামালপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, গোপালগঞ্জ, ফরিদপুর, দিনাজপুর, লালমনিরহাট ও কুড়িগ্রাম বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৬) গোলাপগঞ্জ জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার বিষয়ে ২৮ মার্চ ২০১৭ তারিখে সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৭) সুনামগঞ্জ জেলাকে বাল্যবিবাহ মুক্ত ঘোষণা করার জন্য ২১ মার্চ ২০১৭ তারিখে ধন্যবাদ জ্ঞাপন করে জেলা প্রশাসক, সুনামগঞ্জ বরাবর ডিও পত্র প্রেরণ করা হয়।

(৩৮) 'ট্যাম্পাকো ফয়েলস লিমিটেড' টঞ্জী বিসিক শিল্প এলাকা, টঞ্জী, গাজীপুর কারখানায় সংগঠিত অগ্নিকাণ্ডের তদন্ত প্রতিবেদনের উল্লিখিত সুপারিশমালা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে ২৯ মার্চ ২০১৭ তারিখে সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ, বিদ্যুৎ বিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং পরিবেশ ও বন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৯) বান্দরবান পার্বত্য জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর/গুরুতর ঘটনা সংক্রান্ত বিষয়ে সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪০) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় এফআরটি ০৪ জন, চার্জশিট ১৬ জন, মামলা দায়ের ৩০ জন, বিভাগীয় ব্যবস্থা গ্রহণ ০১ জন, আসামী প্রেফতার ০২ জন এবং নথিভুক্তির জন্য ১৮জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয় অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয় এবং একজন উপপরিচালককে প্রেষণে দুর্নীতি দমন কমিশনে নিয়োগের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।

(৪১) বিভিন্ন আইনে ০৪জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(৪২) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ ফেব্রুয়ারি ২০১৬ মাসে প্রমাপ অনুযায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন, দর্শন করেছেন। এ জন্য প্রমাপ অর্জন এবং পরিদর্শন ও রাত্রিযাপন প্রতিবেদন প্রেরণের এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের KPI (Key Performance Indicators)-ভুক্ত এবং এ মাসে KPI-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়।

(৪৩) ৩০ মার্চ ২০১৭ বৃহস্পতিবার, কুমিল্লা সিটি কর্পোরেশনের নির্বাচন সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নির্বাচনে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণকে নির্বাচন সংক্রান্ত আইন ও বিধি মোতাবেক দায়িত্ব পালন নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠান/সংস্থাকে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদানের জন্য নির্দেশনা প্রদান এবং নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৩ নম্বর আইন) অনুসরণ সংক্রান্ত দুটি পরিপত্র জারি করা হয়।

(৪৪) ৩০ মার্চ ২০১৭ বৃহস্পতিবার, দশম জাতীয় সংসদের ২২৫ সুনামগঞ্জ-২ নির্বাচনী এলাকার শূন্য ঘোষিত আসনের নির্বাচন সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নির্বাচনে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণকে নির্বাচন সংক্রান্ত আইন ও বিধি মোতাবেক দায়িত্ব পালন নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠান/সংস্থাকে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদানের জন্য নির্দেশনা প্রদান এবং নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৩ নম্বর আইন) অনুসরণ সংক্রান্ত দু'টি পরিপত্র জারি করা হয়।

(৪৫) জেলা প্রশাসকগণের চাহিদা অনুযায়ী স্ট্যাম্প ভেন্ডার রেজিস্ট্রার সরবরাহ করার লক্ষ্যে ২০১৬-১৭ অর্থ-বছরে আরও ১৭,৮২৭টি স্ট্যাম্প ভেন্ডার রেজিস্ট্রার প্রস্তুত করে সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপপরিচালক, বাংলাদেশ নিরাপত্তা মন্ত্রণালয়, তেজগাঁও, ঢাকাকে অনুরোধ করা হয়।

(৪৬) বিবেচ্য মাসে মাঠপ্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ০৬জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ০৯জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত এবং ০৪ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(৪৭) বিধি-বহির্ভূত পন্থায় বা পাইরেসি করে সরকার কর্তৃক অনুমোদিত স্যাটেলাইট টেলিভিশন পে-চ্যানেলসমূহের গ্রাহকপর্যায়ে বিতরণ/প্রদর্শন বন্ধকরণের বিষয়ে সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪৮) মাননীয় প্রধানমন্ত্রীর ফরিদপুর, লক্ষ্মীপুর, মাগুরা, চট্টগ্রাম ও ঢাকা জেলার সাভার সফর উপলক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪৯) মহামান্য রাষ্ট্রপতির গোপালগঞ্জ ও কিশোরগঞ্জ জেলার মিঠামইন, ইটনা ও অষ্টগ্রাম সফর উপলক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

- (৫০) ভূ-তাত্ত্বিক ঐতিহ্য হিসাবে ঘোষিত সিলেটের Ecocene যুগের এলাকার ব্যবহার, উন্নয়ন, সংরক্ষণ ও সার্বিক বিষয়াদি ব্যবস্থাপনা/তত্ত্বাবধানের লক্ষ্যে গঠিত 'কেন্দ্রীয় কমিটি' ও 'স্থানীয় ব্যবস্থাপনা কমিটি'তে এবং পটুয়াখালী মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন প্রকল্পের পণ্য/সেবাসামগ্রী ক্রয়/সংগ্রহের জন্য দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটিতে জেলা প্রশাসনের কর্মকর্তাদের অন্তর্ভুক্তিতে সম্মতি প্রদান করা হয়।
- (৫১) কক্সবাজারের হিলটপ সার্কিট হাউজের বিশেষ সংস্কার ও নির্মাণের জন্য অর্থ বরাদ্দের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।
- (৫২) ২৫ মার্চ গণহত্যা দিবস উদ্‌যাপনের বিষয়ে সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করা হয়।
- (৫৩) জেলা প্রশাসকের কার্যালয়ে মহিলাদের জন্য পৃথক প্রক্ষালন কক্ষ স্থাপনের বিষয়ে সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৫৪) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনাসমূহের বাস্তবায়নের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৫৫) ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর সদস্যগণের মধ্য থেকে কর্মকর্তা/কর্মচারী পদায়নের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং স্বাস্থ্য সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৫৬) রাজস্ব আহরণ এবং কর সংস্কৃতি বিকাশ ত্বরান্বিত করার লক্ষ্যে সহযোগিতা প্রদানের বিষয়ে জেলা প্রশাসক, লালমনিরহাট বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৫৭) মন্ত্রণালয়/বিভাগের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা বিকেন্দ্রীকরণ সংক্রান্ত প্রস্তাব পর্যালোচনা ও সিদ্ধান্ত বাস্তবায়নে আইনগত পদক্ষেপ গ্রহণ সংক্রান্ত কমিটির তৃতীয় সভা অনুষ্ঠিত হয়।
- (৫৮) সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্যের কর্ম-পরিকল্পনা প্রণয়ন এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন কাঠামো প্রস্তুত সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়।
- (৫৯) ২৭ মার্চ হতে ০৫ দিনব্যাপী জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক খসড়া কর্ম-পরিকল্পনার বিষয়ে কর্মশালা অনুষ্ঠিত হয়।
- (৬০) ২০১৭-১৮ অর্থ-বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়নের লক্ষ্যে মতামত/সুপারিশ সংক্রান্ত পত্র সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়।
- (৬১) মন্ত্রিপরিষদ বিভাগে বাস্তবায়নাধীন জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্পের অর্থায়নে মন্ত্রণালয়/বিভাগে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক গবেষণার নিমিত্ত গবেষকদের গবেষণা পদ্ধতি সম্পর্কে উপস্থাপনের জন্য একটি সভা অনুষ্ঠিত হয়।
- (৬২) মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জন্য ২০১৭-১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদনের জন্য নীতিমালা প্রণয়ন ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়।
- (৬৩) বিয়াম ফাউন্ডেশন, ঢাকায় ০৫-০৬ মার্চ ২০১৭ তারিখে রেলপথ মন্ত্রণালয়, ০৮-০৯ মার্চ ২০১৭ তারিখে স্থানীয় সরকার বিভাগ এবং ১৫-১৬ মার্চ ২০১৭ তারিখে হবিগঞ্জের বাহুবল উপজেলায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রণয়ন সংক্রান্ত ল্যাব আয়োজন করা হয়।
- (৬৪) বরিশাল বিভাগে ১১ মার্চ ২০১৭ তারিখে বিভাগ/আঞ্চলিক পর্যায়ের সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।
- (৬৫) 'Building Capacity for the use of Research Evidence (BCURE)' শীর্ষক প্রকল্পের আওতায় তৃতীয় ও চতুর্থ ব্যাচের প্রশিক্ষণ সমাপ্ত হয়।
- (৬৬) ০৭ মার্চ তারিখে 'Capacity Building for e-Administration' শীর্ষক প্রকল্পের আওতায় একটি কর্মশালা অনুষ্ঠিত হয়।
- (৬৭) ২০-২১ মার্চ মেয়াদে 'ই-ইনোভেশন রোডম্যাপ প্রণয়ন' সংক্রান্ত কর্মশালা অনুষ্ঠিত হয়।

গ. আগামী দুই (এপ্রিল-মে) মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

- (১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।
- (২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।
- (৩) সরকারি ক্রয়সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।
- (৪) প্রশাসনিক উন্নয়নসংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।
- (৫) জাতীয় পুরস্কারসংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।
- (৬) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।
- (৭) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।
- (৮) জানুয়ারি ২০১৫ থেকে ডিসেম্বর ২০১৫ মাস পর্যন্ত সময়ে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের বিজ্ঞপ্তি, কার্যবিবরণী ও সারসংক্ষেপসমূহ বই আকারে বাঁধাই সংক্রান্ত কার্যাবলি সম্পাদন করা।
- (৯) 'Preparatory Phase of Civil Registration and Vital Statistics in Bangladesh' শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া সম্পাদন।
- (১০) সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠান।
- (১১) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা।
- (১২) আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটির সভা।
- (১৩) সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত 'কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি'-এর সভা অনুষ্ঠান।

(মো: আবদুল্লাহ হারুন)

উপসচিব

ফোন: ৯৫৫৭৪৪৯

e-mail: report_sec@cabinet.gov.bd